# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪১

১/ বিবিধ

আরবী

إياكم والزنا فإنه فيه ست خصال: ثلاثا في الدنيا وثلاثا في الآخرة، فأما اللواتي في الدنيا فإنه يذهب بالبهاء، ويورث الفقر، وينقص الرزق، وأما اللواتي في الآخرة: فإنه يورث سخط الرب، وسوء الحساب والخلود في النار
موضوع

أخرجه ابن عدي (20 / 23) وأبو نعيم (4 / 111) من طريق مسلمة بن علي عن الأعمش عن شقيق عن حذيفة رضي الله عنه مرفوعا، وقال ابن عدي: وهذا عن الأعمش غير محفوظ وهو منكر، وقال أبو نعيم: غريب من حديث الأعمش، تفرد به مسلمة وهو ضعيف الحديث
قلت: وهو مجمع على تركه، بل قال الحاكم: روى عن الأوزاعي والزبيدي المناكير والموضوعات وقد ساق له الذهبي من مناكيره أحاديث كثيرة منها هذا، وآخر قال فيه أبو حاتم: باطل موضوع وسيأتي إن شاء الله برقم (145)
والحديث أورده ابن الجوزي في " الموضوعات " (3 / 107) من طريق أبي نعيم ثم قال: مسلمة متروك، وتابعه أبان بن نهشل عن إسماعيل بن أبي خالد عن الأعمش به وأبان منكر الحديث جدا، قال ابن حبان: ولا أصل لهذا الحديث، وتعقبه السيوطي في " اللآليء " (2 / 191) بما نقله عن أبي نعيم من اقتصاره على تضعيف مسلمة، وبأن البيهقي أخرجه في " شعب الإيمان " وقال: هذا إسناد ضعيف، مسلمة متروك وأبو عبد الرحمن الكوفي مجهول

قلت: أبو عبد الرحمن هذا وقع في رواية ابن الجوزي بين مسلمة والأعمش، وليس هو في سند " الحلية " ولا في سند الحديث في " الميزان " فالله أعلم
ثم رأيت الحديث في جزء من " أمالي الشريف أبي القاسم الحسيني " (55 / 1) وفيه أبو عبد الرحمن الكوفي هذا، وكذا هو في " الشعب " (4 / 379 / 5475) .ثم وجدت له طريقا آخر عن الأعمش أخرجه الواحدي في " الوسيط " (3 / 100 / 1) من طريق معاوية بن يحيى عن سليمان عن الأعمش
قلت: ومعاوية هذا هو الصدفي وهو ضعيف جدا، قال النسائي: ليس بثقة وضعفه هو في رواية وغيره، ولا يخفى أن تعقب السيوطي المذكور لا فائدة منه لأن كلام البيهقي وكذا أبي نعيم ليس نصا في أن الحديث غير موضوع حتى يعارض به حكم ابن الجوزي بوضعه لما أخبرناك غير مرة أن الموضوع من أنواع الحديث الضعيف فتنبه، وقد روي هذا الحديث بلفظ آخر

বাংলা

১৪১। তোমরা ব্যাভিচার (যেনা) থেকে বেঁচে থাক, কারন তাতে ছয়টি খাসালাত রয়েছে; যার তিনটি ঘটবে দুনিয়ায় আর তিনটি ঘটবে আখেরাতে। যেগুলো দুনিয়াতে ঘটবে সেগুলো হচ্ছে; তা (যেনা) উজ্জলতা নিয়ে যায়, দারিদ্রতার অধিকারী বানায় এবং রিযক কমিয়ে দেয়। আর যেগুলো আখেরাতে ঘটবে সেগুলো হচ্ছে; তা প্রভুর ক্রোধ, মন্দ হিসাব-কিতাব এবং স্থায়ী জাহান্নামী বানিয়ে দেয়।

হাদীসটি জাল।

এটিকে ইবনু আদী (২০/২৩) ও আবু নু'য়াইম (৪/১১১) আমাশ হতে মাসলামা ইবনু আলী সূত্রে ... বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ হাদীসটি আমাশ হতে নিরাপদ নয়, এটি মুনকার। আবু নু'য়াইম বলেনঃ মাসলামা আ'মাশ হতে এককভাবে এটি বর্ণনা করেছেন। তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ মাসলামা মাতরূক হবার বিষয়ে সকলে একমত। বরং হাকিম বলেছেনঃ তিনি আওযাঈ এবং যুবায়দীর উদ্ধৃতিতে মুনকার ও জাল হাদীস বর্ণনা করেছেন। যাহাবী তার বহু মুনকার হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি। তার অন্য একটি হাদীস সম্বন্ধে আবু হাতিম বলেছেনঃ এটি বাতিল, জাল।

ইবনুল জাওযী আলোচ্য হাদীসটিকে তার "আল-মাওযু'আত" গ্রন্থে (৩/১০৭) উল্লেখ করে বলেছেনঃ মাসলামা মাতরূক। তার মুতাবায়াতকারী আবান ইবনু নাহশাল হচ্ছেন নিতান্তই মুনকারুল হাদীস। ইবনু হিব্বান বলেনঃ

হাদীসটির কোন ভিত্তি নেই।

হাদীসটি অন্য কোন সূত্রেও নির্ভরযোগ্য বর্ণনাকারীর মাধ্যমে বর্ণিত হয়নি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5402

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন